ইত্তেফাক

তারিখ ৩৩।২।৮২
পৃষ্ঠা ... কলাম ...

057

২৬০

# রাজবাড়ী কলেজের বি-এস-সি পরীক্ষার্থীদের উপায় কি?

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮১ সনের ডিগ্রী পরিক্ষার তত্ত্বীয় পরিক্ষায় অংশগ্রহণ করিতে পারিলেও রাজবাড়ী কলেজের প্রায় দুইশত বি.এস-সি, পরীক্ষার্থী আজ পর্যন্তও ব্যবহারিক পরীক্ষা দিতে পারে নাই। তত্ত্বীয় পরীক্ষার পর শিক্ষক হোষ্টেলে দুষ্কৃতকারীদের দ্বারা অপ্রীতিকর ঘটনার শিকারে পরিণত হইয়াছে এইসব ছাত্র-ছাত্রী। মহকুমার একমাত্র সরকারী রাজবাড়ী কলেজে শিক্ষকদের নিরাপত্তাহীনতা, ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চয়তা জনমনে হতাশা সৃষ্টি করিয়াছে। ছাত্র-ছাত্রী, অভিভাবক মহল ও স্থানীয় জনগণ এ অবস্থার আশু সমাধান কামনা করে।

—অধ্যাপক মোঃ ইজাজুল হক, পাংসা কলেজ, পাংসা, ফরিদপুর।